অতি জরুরী
ই-মেইলযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ,ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০১৮.২০.০০৬-১৭-৬৮ তারিখ : ১০বৈশাখ ১৪২৪ বং।
২৩/০৪/২০১৭ খ্রিঃ।

প্রেরক : গিয়াসউদ্দিন আহমেদ
পরিচালক (ভিজিডি)

প্রাপক : জেলা প্রশাসক
সুনামগঞ্জ /সিলেট/ নেত্রকোনা/ কিশোরগঞ্জ /মৌলভীবাজার /হবিগঞ্জ ।

**বিষয় : পাহাড়ী ঢল ও অতিবৃষ্টির কারণে বন্যায় ক্ষতিগ্রস্ত ০৬টি জেলায় ভিজিএফ কর্মসূচির আওতায় পরিবার প্রতি ৩০ কেজি হারে ভিজিএফ চাল বরাদ্দকরণ।**

সুত্র : দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং ৫১.০০.০০০০.৪২১.১৪.০১৩.১৫-১৫৪ তারিখ: ২৩/০৪/২০১৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, পাহাড়ী ঢল ও অতিবৃষ্টির কারণে বন্যায় ক্ষতিগ্রস্ত ০৬টি জেলায় ৩,৩০,০০০(তিন লক্ষ ত্রিশ হাজার) পরিবারকে পরিবার প্রতি ৩০ কেজি হারে ০৩মাস ০৮দিনের (২৩শে এপ্রিল হতে জুলাই/২০১৭) জন্য মোট (৩,৩০,০০০×৩০×৩ মাস ৮দিন)= ৩২,৩৪০ (বত্রিশ হাজার তিনশত চল্লিশ) মে:টন ভিজিএফ চাল সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের অনুকূলে নিম্নোক্ত বিভাজন ও শর্তে বরাদ্দ প্রদান করা হলোঃ

| ক্র:নং | বন্যায় ক্ষতিগ্রস্ত জেলার নাম | ক্ষতিগ্রস্ত পরিবারের সংখ্যা | ৩০ কেজি হারে ২৩শে এপ্রিল হতে জুলাই/২০১৭ (০৩মাস ০৮দিনের জন্য) বরাদ্দকৃত চাল (মে:টন) |
|---|---|---|---|
| ১ | সুনামগঞ্জ | ১,৫০,০০০ | ১৪,৭০০ |
| ২ | সিলেট | ৫০,০০০ | ৪,৯০০ |
| ৩ | নেত্রকোনা | ৫০,০০০ | ৪,৯০০ |
| ৪ | কিশোরগঞ্জ | ৫০,০০০ | ৪,৯০০ |
| ৫ | মৌলভীবাজার | ১,০০০ | ৯৮ |
| ৬ | হবিগঞ্জ | ২৯,০০০ | ২৮৪২ |
| | মোট = | ৩,৩০,০০০ | ৩২,৩৪০ |

১। জেলা প্রশাসকগণ মঞ্জুরীকৃত ভিজিএফ চাল বিতরণে সার্বিক তদারকীসহ ক্ষতিগ্রস্ত পরিবারসমূহকে সঠিকভাবে ইউনিয়ন ও ওয়ার্ড ভিত্তিক বিতরণ কার্যক্রম সম্পাদন করবেন। মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ অনুসরণপূর্বক যথানিয়মে বিতরণের জন্য আগামী ৩০/০৬/২০১৭ তারিখের মধ্যে উত্তোলন করতে পারবেন এবং বিতরণ শেষে নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন।

২। জেলা প্রশাসকগণ জুলাই মাসের বরাদ্দ ৩০ জুনের মধ্যে উত্তোলন করবেন এবং জুলাই মাসের প্রথম সপ্তাহে বিতরণ করবেন।

৩। মঞ্জুরীকৃত চালের ব্যয় চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরের "৪৯০৩- ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম-০০০৭- ভিজিএফ কার্যক্রম- ৫৯০০- সাহায্য মঞ্জুরী- ৫৯৪৪-ভিজিএফ" খাত হতে নির্বাহ করতে হবে।

৪। ট্যাগ অফিসারের উপস্থিতিতে চাল বিতরণ নিশ্চিত করতে হবে।

৫। খাদ্যশস্যের পরিবহন ব্যয় মন্ত্রণালয় হতে মঞ্জুরী প্রাপ্তি সাপেক্ষে পরবর্তীতে বরাদ্দ প্রদান করা হবে।

৬। খাদ্যশস্য বিতরণের ৭ কর্মদিবসের মধ্যে বিতরণ প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৭। এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

২৩/৪/২০১৭

(গিয়াসউদ্দিন আহমেদ)
পরিচালক(ভিজিডি)
ফোন: ৯৮৬০২০৯।
ই-মেইল: dvgf@ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০১৮.২০.০০৬.১৭-৩৬

১০বৈশাখ ১৪২৪ বং।
তারিখ : ২৩/০৪/২০১৭ খ্রিঃ।

সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:-

১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬আব্দুল গণি রোড, ঢাকা ।

৩। মহাপরিচালক (যুগ্ম সচিব) ,এফপিএমইউ, খাদ্য মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। বিভাগীয় কমিশনার, ঢাকা / সিলেট।

৫। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন, খাদ্য অধিদপ্তর, ১৬আব্দুল গণি রোড, ঢাকা ।

৭। জেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ /সিলেট/ নেত্রকোনা/ কিশোরগঞ্জ /মৌলভীবাজার /হবিগঞ্জ ।

৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা,------------------------------ জেলা ------------------------------ ।

৯। কম্পিউটার প্রোগ্রামার, অত্র অধিদপ্তর। তাঁকে আদেশটি দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ওয়েবসাইটে Upload ও প্রাপকের বরাবরে ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১০। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ----- -------------------------------।

১১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ------------------------------------জেলা-----------------------------------।

১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ----------------------------------------জেলা-----------------------------।

২৩.৪.১৭
(মোঃ হাম্মাদুল বারী)
উপ-পরিচালক (ভিজিডি-১)
ফোন : ৯৮৪৩১৪৪।